# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৭২

তারিখ ঃ ০১ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৭৫ তম কমিশন সভা অদ্য ১৩/০২/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. সাদ সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং ১১৮) এর উপর ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিচালিত পরিদর্শন রিপোর্টের ভিত্তিতে কমিশন যথাযথ এনফোর্সমেন্ট প্রক্রিয়ার মাধ্যমে নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি নিশ্চিত হয় ঃ

(ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এ মে ৩১, ২০১৮ তারিখে ৩৯০,১৯,৬২০.২৯ টাকা ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) and Rule 8A(2) এর লংঘন;
(খ) ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(1) এবং Rule 3(2) এর লংঘন;
(গ) পরিচালকদের ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের Directive No:- SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 এর লংঘন;
(ঘ) বিনিয়োগকারীকে নেট ক্যাপিটাল ব্যালেন্স (৩ মাসের) এর ২৫% এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 5 (1) এর লংঘন; এবং
(ঙ) গ্রাহকের নিকট থেকে ৫ লক্ষ টাকার বেশী নগদ গ্রহণ করে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) এর লংঘন।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, সাদ সিকিউরিটিজ লিঃ -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২. সালতা ক্যাপিটাল লিঃ (ডিএসই ট্রেক নং ৯৫) এর উপর ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিচালিত পরিদর্শন রিপোর্টের ভিত্তিতে কমিশন যথাযথ এনফোর্সমেন্ট প্রক্রিয়ার মাধ্যমে নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি নিশ্চিত হয় ঃ

(ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এ মে ৩১, ২০১৮ তারিখে ৩২২,৭০২.৭৫ টাকা ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) এবং Rule 8A(2) এর লংঘন;
(খ) অনুমোদিত প্রতিনিধিদের নামে বিও হিসাব খুলে Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013 এর Regulation 14(3)(iv) ও সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ৪(২) (৪) অনুযায়ী সম্পাদিত চুক্তিপত্রের ক্লজ-৫ এর লংঘন;
(গ) গ্রাহকের নিকট থেকে ৫ লক্ষ টাকার বেশী নগদ গ্রহণ/প্রদান করে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) এর লংঘন;
(ঘ) কর্মচারীর নামে হিসাব পরিচালনা ও ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 এর লংঘন;
(ঙ) ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(1) এবং Rule 3(2) এর লংঘন; এবং
(চ) নন-মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন সালতা ক্যাপিটাল লিঃ -কে ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. জনাব গোলাম মোস্তফা, মিসেস নাসিমা আক্তার লতা এবং স্টার শেয়ার বাজার লিঃ কর্তৃক প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে লেনদেনযোগ্য SPCL এর উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার ক্রয় এবং তা সংরক্ষণের মাধ্যমে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে শেয়ার মূল্য বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখেন। জনাব গোলাম মোস্তফা, মিসেস নাসিমা আক্তার লতা এবং স্টার শেয়ার বাজার লিঃ এর বর্ণিত কার্যক্রম Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এর পরিপন্থি। উক্ত সিকিউরিটিজ বিধি-বিধান ভঙ্গের জন্য বর্ণিত ব্যক্তিবর্গ এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে কমিশন, ৫৪৬তম কমিশন সভায় শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছিল। পরবর্তীতে বর্ণিত ব্যক্তিবর্গ এবং প্রতিষ্ঠানের রিভিউ আবেদনের প্রেক্ষিতে কমিশন অদ্যকার সভায় স্টার শেয়ারবাজার লিঃ -কে ১ (এক) কোটি টাকা, জনাবা নাসিমা আক্তার লতা -কে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং জনাব গোলাম মোস্তফা -কে ৮০ (আশি) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

১৩/০২/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।